# এস এস সি -২০১৫ নমুনা প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

## পৌরনীতি ও নাগরিকতা

### ( সৃজনশীল প্রশ্ন )

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান — ৬০

*[বিশেষ দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান– ১০]*

১। রুব্বাত মায়ের সাথে শিশু পার্কে বেড়াতে যায়। সেখানে তার মায়ের বান্ধবীর সাথে দেখা হলে রুব্বাত তাকে সালাম দেয় এবং বাসায় বেড়াতে আসতে বলে। এতে তিনি মুগ্ধ হন। কারণ তার ছেলেমেয়েরা এভাবে কাউকে সালাম দেয় না। এতে তিনি উপলব্ধি করেন, তার ছেলেমেয়েদেরকেও অবসর সময়ে বিভিন্ন জায়গায় বেড়াতে নিয়ে যাওয়া এবং শিষ্টাচার শিক্ষা দেওয়া উচিত।

ক. বিভিন্ন ধরনের মৌলিক চাহিদা পূরণ পরিবারের কোন ধরনের কাজ? ১

খ. পরিবারের বিনোদনমূলক কাজ সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকে পরিবারের কোন কাজগুলোর ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কী মনে করো উদ্দীপকে বর্ণিত কাজগুলো ছাড়াও পরিবারের আরও কাজ রয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। বীনার স্বামী রিকশাচালক। একদিন বীনা বাবার বাড়ি যেতে চাইলে স্বামী তাতে বাধা হয়ে দাঁড়ায়। এমনকি গত নির্বাচনে স্বামীর পছন্দের প্রার্থীকে ভোট না দেওয়ায় তাকে মার খেতে হয়। এভাবেই স্বাধীন দেশের বীনাকে পরাধীনতার শিকলে বেঁধে রাখে তার স্বামী।

ক. স্বাধীনতা কী? ১

খ. সামাজিক স্বাধীনতা ব্যাখ্যা করো। ২

গ. আলোচ্য উদ্দীপকে বীনার স্বাধীনতার যে সকল দিক খর্ব হয়েছে তা আলোচনা করো। ৩

ঘ. স্বাধীন দেশের স্বাধীনতা রক্ষায় তোমার সুপারিশ তুলে ধরো। ৪

৩। ফ্রান্সিস ফ্রাংকো ছিলেন স্পেনের স্বৈরশাসক। এ স্বৈরশাসক ১৯৩৯ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত স্পেন রাষ্ট্রের শাসন ক্ষমতা আঁকড়ে ছিল। সে ছিল স্পেনের সর্বময় ক্ষমতার অধিকারী। এ শাসক গণমাধ্যম নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ নিয়েছিল। তার বিরুদ্ধে প্রতিবাদ করার সাহস কারও ছিল না। বার্সেলোনা ক্লাবের তৎকালীন সভাপতি হোসেপ সানিওল তার কর্মকাণ্ডের প্রতিবাদ করায় তাকে হত্যা করা হয়।

Copyright MdShah Jamal

ক. ক্ষমতার উৎসের ভিত্তিতে রাষ্ট্র কয় প্রকার? ১

খ. রাষ্ট্রপতি শাসিত সরকার বলতে কী বোঝ? ২

গ. ফ্রান্সিস ফ্রাংকোর শাসনকালীন সময়ে স্পেনের রাষ্ট্র ব্যবস্থার বৈশিষ্ট্যগুলো ছক আকারে প্রকাশ করো। ৩

ঘ. বাংলাদেশের রাষ্ট্র ব্যবস্থা ও ফ্রাংকোর সময়কালীন রাষ্ট্র ব্যবস্থার যে পার্থক্য দেখা যায় তা ছক আকারে লিখ। ৪

**৪। নিচের ছকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও**

মন্ত্রী → সচিব → অতিরিক্ত সচিব → যুগ্ম সচিব → উপ-সচিব
↓
কর্মচারী ← কর্মকর্তা ← সহকারী সচিব ← সিনিয়র সহকারী সচিব

ক. সুপ্রিম কোর্ট কয়টি বিভাগ নিয়ে গঠিত? ১

খ. সুপ্রিম কোর্ট কীভাবে গঠিত হয়? ২

গ. উপরিউক্ত ছকের যে তিনজন কর্মকর্তা কেবলমাত্র কেন্দ্রীয় প্রশাসনে কাজ করেন তাদের কাজের বর্ণনা দাও। ৩

ঘ. উপরিউক্ত ছকে বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থার যে স্বরূপ ফুটে ওঠে তা বিশ্লেষণ করো। ৪

**৫।** সোনিয়ার বাবা এমন একটি সংগঠনের সদস্য যা কতকগুলো নীতি ও আদর্শের ভিত্তিতে সংগঠিত। উক্ত সংগঠন ছাড়া গণতান্ত্রিক সরকার গঠন করা অসম্ভব। সরকার গঠন ও নেতৃত্ব তৈরিতে সংগঠনটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ক. রাজনৈতিক দলের প্রধান লক্ষ্য কী? ১

খ. রাজনৈতিক দল কীভাবে গণতন্ত্রের বিকাশ ঘটায়? ২

গ. অনুচ্ছেদে সোনিয়ার বাবা কোন সংগঠনের সদস্য? সংগঠনটির বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করো। ৩

ঘ. সরকার গঠন ও নেতৃত্ব তৈরি ছাড়া সংগঠনটির অন্যান্য ভূমিকা বিশ্লেষণ করো। ৪

Copyright: Md Shah Jamal

৬। শিহাবের এলাকার দেওয়ান সাহেব জনগণের ভোটে নির্বাচিত হয়ে এলাকার শিক্ষার হার বাড়াতে উদ্যোগ নিয়েছেন। স্কুল, কলেজ নির্মাণসহ বয়স্ক শিক্ষার প্রসারে নৈশ বিদ্যালয় নির্মাণ করছেন। তার এ কাজে স্থানীয় জনগণ সন্তোষ প্রকাশ করছেন এবং তারা মনে করছেন দেওয়ান সাহেবকে নির্বাচিত করে তারা সঠিক কাজটিই করেছে। দেওয়ান সাহেব তার এলাকায় নির্বাচিত ৯ জন সদস্য এবং সংরক্ষিত আসনে নির্বাচিত ৩ জন মহিলা সদস্যের সমন্বয়ে এলাকার উন্নয়নমূলক কাজ পরিচালনা করছেন।

ক. স্থানীয় সরকার কী? ১

খ. স্থানীয় সরকারের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. দেওয়ান সাহেব কোন স্থানীয় সরকারব্যবস্থার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি? তার এলাকার উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার ব্যয়ভার তিনি কোথা থেকে সংগ্রহ করেন? ৩

ঘ. স্থানীয় সরকারের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি হিসেবে দেওয়ান সাহেব যেসব কাজ করে থাকেন তার বর্ণনা দাও। ৪

৭। ২৬ নভেম্বর ২০১২ এক চুক্তির মাধ্যমে দীর্ঘ চার বছর পর বাংলাদেশ থেকে শ্রমিক নিতে নিষেধাজ্ঞা তুলে নেয় মালয়েশিয়া। সরকারি পর্যায়ে এ চুক্তির ফলে বাংলাদেশ থেকে দেশটি পাঁচটি খাতে শ্রমিক নেওয়ার কাজ শুরু করেছে। তাছাড়া দুই দেশের যৌথ উদ্যোগে বাছাইকৃতদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। বিশেষজ্ঞগণ মনে করেন এর ফলে জনসংখ্যা কিছুটা হ্রাস পাবে, সেইসাথে কর্মসংস্থানও বৃদ্ধি পাবে।

ক. কোনটি খাদ্য নিরাপত্তার একটি বিরাট প্রতিবন্ধকতা? ১

খ. জনসংখ্যা সমস্যা বলতে কী বোঝায়? ২

Copyright Md Shah Jamal

গ. উদ্দীপকে জনসংখ্যা সমস্যা সমাধানে কোন কোন বিষয়ের গুরুত্ব প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সমস্যা সমাধানে তুমি কি এসব উদ্যোগকেই যথেষ্ট বলে মনে করো? তোমার উত্তরের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৮। ট্রেনে চড়ে ঢাকা থেকে চট্টগ্রাম যাচ্ছিল কলেজছাত্র লিমন। ফেনী ট্রেন স্টেশনে পৌঁছে সে একটি বিশাল সাইনবোর্ডে জনসভার একটি চিত্র দেখতে পেল। চিত্রটির নিচেই লেখা রয়েছে এটি ১৯৭১ সালের ৭ মার্চের এক ঐতিহাসিক ভাষণের চিত্র এবং চিত্রের উপরে লেখা রয়েছে– এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবং চিত্রের বামপাশে এক মহান নেতাকে বক্তৃতাদানরত অবস্থায় দেখা যাচ্ছে।

ক. আগরতলা মামলার এক নম্বর আসামি কে ছিলেন? ১

খ. ছয় দফা কর্মসূচির গুরুত্ব বর্ণনা করো। ২

গ. লিমন সাইনবোর্ডে যে চিত্রটি দেখেছে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সাথে তার সম্পর্ক নির্ণয় করো। ৩

ঘ. তুমি কি মনে করো সাইনবোর্ডে যে মহান নেতার ছবি চিত্রিত হয়েছে বাংলাদেশের মুক্তির সংগ্রামে তার অবদানই সবচেয়ে বেশি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। জনাব নাহিদ 'ক' রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান। তিনি তার রাষ্ট্রের নাগরিক জীবনের মানোন্নয়ন, অর্থনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়ন, ব্যবসা বাণিজ্যের ভারসাম্য রক্ষা এবং আঞ্চলিক বিরোধ নিষ্পত্তির জন্যে কয়েকটি প্রতিবেশী দেশের সাথে মিলে ১টি আঞ্চলিক সংগঠন প্রতিষ্ঠা করেন। এতে এক দেশ অন্য দেশকে সাহায্য সহযোগিতায় এগিয়ে আসে।

ক. ওআইসির বর্তমান সদস্যসংখ্যা কত? ১

খ. কমনওয়েলথের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করো। ২

গ. জনাব নাহিদের প্রচেষ্টায় গঠিত সংগঠনের মধ্যে যে আঞ্চলিক সংগঠনের বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সংগঠনের মাধ্যমে 'ক' রাষ্ট্র ও পার্শ্ববর্তী রাষ্ট্রের সমস্যার সমাধান করা সম্ভব। তুমি কি একমত? যুক্তি দাও। ৪

Copyright Md Shah Jamal

# এস এস সি পরীক্ষা–২০১৫ নমুনা প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

## পৌরনীতি ও নাগরিকতা

সময় — ৪০ মিনিট

## (বহুনির্বাচনি অভীক্ষা)

মান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বিষয়বস্তুর দৃষ্টিতে পৌরনীতিকে কয়টি অর্থে আলোচনা করা হয়?**
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি

**২. প্রাচীন গ্রীসে অবিচ্ছেদ্য ছিল—**
i. নাগরিক ii. অধিকার ও কর্তব্য
iii. নগররাষ্ট্র
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৩. সমাজের ক্ষুদ্র বর্গ কী?**
ক পরিবার খ জাতি
গ সংঘ ঘ সমাজ

**৪. যারা রাষ্ট্রের প্রতি কর্তব্য পালন করে এবং রাষ্ট্রপ্রদত্ত অধিকার ভোগ করে তাদেরকে কী নামে আখ্যায়িত করা হয়?**
ক সদস্য খ নাগরিক
গ নির্বাচকমন্ডলী ঘ বিদেশি

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও।**
সাজ্জাত সাহেব সরকারি কর্মকর্তা। উৎকোচ গ্রহণের অনেক সুযোগ থাকা সত্ত্বেও তিনি তা গ্রহণ করেন না। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে তাকে অনেক কষ্ট করে চলতে হয়।

**৫. সাজ্জাত সাহেবের কাজে মূলত নাগরিকের কোন গুণটি ফুটে উঠেছে?**
ক বুদ্ধিমত্তা খ আত্মসংযম
গ ন্যায়নিষ্ঠা ঘ বিবেক

**৬. সাজ্জাত সাহেবের মতো জনগণের মধ্যে উক্ত নাগরিক গুণটি থাকলে—**
i. নাগরিকের অধিকার রক্ষিত হবে
ii. পারস্পরিক শ্রদ্ধাবোধ বাড়বে
iii. পারস্পরিক মতবিরোধ দেখা দেবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৭. নৈতিক অধিকার আসে মানুষের—**
i. বিবেক থেকে
ii. সামাজিক নৈতিকতা বা ন্যায়বোধ থেকে
iii. শিক্ষা থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. আইনের মূলকথার মধ্যে কোন বিষয়টি ফুটে উঠে?**
ক সাম্প্রদায়িকতা খ সর্বজনীনতা
গ আভিজাত্য ঘ পক্ষপাতিত্ব

**৯. আমাদের দেশে পারিবারিক ও সম্পত্তি আইনে কোনটির প্রভাব বিদ্যমান?**
ক প্রথার খ ধর্মের
গ সামাজিক অনুশাসনের ঘ ন্যায়বোধের

**১০. বেকারত্ব থেকে মুক্তি লাভ কোন ধরনের সাম্য?**
ক রাজনৈতিক খ অর্থনৈতিক
গ সামাজিক ঘ আইনগত

**১০. বেকারত্ব থেকে মুক্তি লাভ কোন ধরনের সাম্য?**
ক রাজনৈতিক খ অর্থনৈতিক
গ সামাজিক ঘ আইনগত

**১১. বর্তমান বিশ্বের অধিকাংশ রাষ্ট্রই কোন ধরনের?**
ক পুঁজিবাদী খ স্বৈরতান্ত্রিক
গ প্রজাতান্ত্রিক ঘ সমাজতান্ত্রিক

**১২. সময়ের পরিবর্তনের সাথে পরিবর্তিত হতে পারে—**
i. রাষ্ট্রের স্বরূপ
ii. সরকারের স্বরূপ
iii. ধর্মীয় গ্রন্থ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. নিরঙ্কুশ রাজতন্ত্র প্রচলিত রয়েছে কোথায়?**
ক ইংল্যান্ডে খ সুইডেনে
গ ডেনমার্কে ঘ সৌদি আরবে

**১৪. সংসদীয় সরকারের প্রকৃতি কেমন?**
ক দায়িত্বশীল খ অস্থিতিশীল
গ ধর্মনিরপেক্ষ ঘ স্বৈরাচারী

**১৫. জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে পারে কোনটিতে?**
ক রাজনৈতিক দলের কর্মসূচিতে
খ উত্তম সংবিধানে
গ সরকার গঠনের মাধ্যমে
ঘ নেতৃত্বের বিচারের মাধ্যমে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬–১৮ নং প্রশ্নের উত্তর দাও**
আওয়ামী লীগ সরকার ২০১১ সালের জুলাই মাসে সংবিধানের সংশোধনীতে একটি সরকার ব্যবস্থা বাতিলসহ অন্যান্য অনেক পরিবর্তন আনে। উক্ত সরকারব্যবস্থা সংবিধানের ত্রয়োদশ সংশোধনীতে প্রবর্তন করা হয়েছিল।

**১৬. অনুচ্ছেদে সংবিধানের কোন সংশোধনীটির ইঙ্গিত করছে?**
ক দ্বাদশ খ ত্রয়োদশ
গ চতুর্দশ ঘ পঞ্চদশ

**১৭. অনুচ্ছেদে কোন সরকার ব্যবস্থা বাতিলের কথা বলা হয়েছে?**
ক রাষ্ট্রপতি শাসিত সরকার
খ সংসদীয় সরকার
গ তত্ত্বাবধায়ক সরকার
ঘ পুঁজিবাদী সরকার

**১৮. অনুচ্ছেদে ২০১১ সালের জুলাই মাসে সংবিধানের যে সংশোধনীর কথা হয়েছে তাতে অন্য যেসব বিষয় অন্তর্ভুক্ত ছিল—**
i. সংসদীয় সরকার পুনঃপ্রবর্তন
ii. রাষ্ট্রধর্ম ইসলাম রাখার পাশাপাশি সকল ধর্মচর্চার স্বাধীনতা নিশ্চিত করা
iii. জাতীয় সংসদে মহিলাদের জন্যে ৫০টি আসন সংরক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

http://teachingbd.com

১৯. একটি দেশের শাসনব্যবস্থা মূলত কার দ্বারা পরিচালিত হয়?
ক আইনসভা   খ রাষ্ট্রপতি
গ সরকার   ঘ প্রধানমন্ত্রী

২০. বাংলাদেশ সরকারের কাজ পরিচালনার জন্যে কয়টি বিভাগ রয়েছে?
ক দুইটি   খ তিনটি
গ চারটি   ঘ পাঁচটি

২১. জাতীয় সংসদে নারীদের জন্যে কতটি আসন সংরক্ষিত?
ক ৪০টি   খ ৫০টি
গ ৬০টি   ঘ ৭০টি

২২. সংবিধান অনুযায়ী বাংলাদেশের সর্বোচ্চ আদালত কোনটি?
ক জজকোর্ট   খ সুপ্রিম কোর্ট
গ হাইকোর্ট   ঘ মুন্সেফকোর্ট

২৩. উগান্ডায় কত সাল পর্যন্ত রাজনৈতিক দল নিষিদ্ধ ছিল?
ক ২০০৪ সাল   খ ২০০৫ সাল
গ ২০০৬ সাল   ঘ ২০০৭ সাল

২৪. গণতান্ত্রিক রাষ্ট্রে বিরোধী দলের ভূমিকা—
i. শাসকের মতো
ii. ছায়া সরকারের মতো
iii. প্রহরীর মতো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

২৫. বাংলাদেশ আওয়ামী লীগ প্রতিষ্ঠিত হয় কখন?
ক ২০ জুন, ১৯৪৫ সাল
খ ২৫ জুন, ১৯৪৮ সাল
গ ২৪ জুন, ১৯৪৭ সাল
ঘ ২৩ জুন, ১৯৪৯ সাল

২৬. নির্বাচনের উদ্দেশ্য কী?
ক উপযুক্ত প্রতিনিধি বাছাই করা
খ সরকার গঠন করা
গ সুশাসন প্রতিষ্ঠা করা
ঘ রাজনৈতিক দল গঠন করা

২৭. বাংলাদেশের স্থানীয় সরকারব্যবস্থার সর্বনিম্ন পর্যায়ে রয়েছে কোনটি?
ক উপজেলা পরিষদ   খ জেলা পরিষদ
গ সিটি কর্পোরেশন   ঘ ইউনিয়ন পরিষদ

২৮. মহানগরীর পরিবেশ উন্নয়ন ও সৌন্দর্য বর্ধনের জন্য কাজ করে কোনটি?
ক জেলা পরিষদ   খ উপজেলা পরিষদ
গ সিটি কর্পোরেশন   ঘ বিভাগীয় প্রশাসন

২৯. জেলা পরিষদের মেয়াদ কত বছর?
ক তিন   খ চার
গ পাঁচ   ঘ ছয়

৩০. বর্তমানে বাংলাদেশে কতটি পৌরসভা আছে?
ক ৩১২টি   খ ৩১৩টি
গ ৩১৪টি   ঘ ৩১৫টি

৩১. জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বাংলাদেশের অবস্থান কততম?
ক পঞ্চম   খ ষষ্ঠ
গ সপ্তম   ঘ অষ্টম

৩২. খাদ্য নিরাপত্তা অর্জনের জন্যে কোনটি প্রয়োজন?
ক সঠিক খাদ্যনীতি   খ বৈদেশিক সাহায্য
গ খাদ্যের আমদানি বৃদ্ধি
ঘ খাদ্যের মূল্য হ্রাস

৩৩. খাদ্য নিরাপত্তাহীনতার প্রধান কারণ হচ্ছে—
i. কম খাদ্য উৎপাদন ii. জনগণের আয় কম
iii. পুষ্টি জ্ঞানের অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৩৪. বাংলাদেশের অন্যতম নাগরিক সমস্যা কোনটি?
ক কর্ম ফাঁকি   খ নিরক্ষরতা
গ ঘুষ   ঘ কিশোর অপরাধ

৩৫. লাহোর প্রস্তাবের উত্থাপক কে?
ক মাওলানা ভাসানী
খ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ শেরে বাংলা এ কে ফজলুল হক
ঘ সুভাস চন্দ্র বসু

৩৬. কত সালে যুক্তফ্রন্ট গঠিত হয়?
ক ১৯৫২ সালে   খ ১৯৫৩ সালে
গ ১৯৫৪ সালে   ঘ ১৯৫৫ সালে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও**
রাশিদা বিদ্যালয় থেকে ফেরার পথে রাস্তায় একটি ছেলে প্রায়ই তাকে উত্যক্ত করতো। একদিন ছেলেটি তাকে প্রেমের প্রস্তাব দেয়। কিন্তু রাশিদা তা প্রত্যাখ্যান করলে ছেলেটি তার ওপর এসিড নিক্ষেপ করে।

৩৭. অনুচ্ছেদে কীসের চিত্র ফুটে উঠেছে?
ক নারী নির্যাতন   খ নারীর পরাধীনতা
গ নারীর অসম্মান   ঘ নারীর অমর্যাদা

৩৮. অনুচ্ছেদে উল্লিখিত রাশিদার মতো নারীদের রক্ষার ক্ষেত্রে করণীয়—
i. আইনের কঠোর প্রয়োগ
ii. জনসংখ্যা হ্রাস iii. আইনি সহায়তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৩৯. সার্ক সচিবালয় কোথায় অবস্থিত?
ক নয়াদিল্লিতে   খ ঢাকায়
গ কাঠমুন্ডুতে   ঘ ইসলামাবাদে

৪০. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের অধিবাসী?
ক উত্তর কোরিয়া   খ দক্ষিণ কোরিয়া
গ ঘানা   ঘ মিশর

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | খ |
| ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ |
| ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |
| ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | খ |